মুজিবনগরে জাতীয় পল্লী উন্নয়ন দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

“উন্নত পল্লী সমৃদ্ধ দেশ, সবার আগে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে উৎসবমুখর পরিবেশে জাতীয় পল্লী উন্নয়ন দিবস ২০২৬ উদযাপিত হয়েছে।

সোমবার সকালে উপজেলা প্রশাসন ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), মুজিবনগর-এর যৌথ আয়োজনে জাতীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি, উপজেলা পরিষদ চরে বৃক্ষরোপণ এবং পরবর্তীতে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সকালে উপজেলা চত্বরেজাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির শুভ সূচনা করা হয়। পরে উপজেলা পরিষদ চত্বর থেকে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে এসে শেষ হয়ে উপজেলা পরিষদ চত্বরে একটি ফলজ বৃক্ষ রোপন করা হয়। এরপর উপজেলা পরিষদ মিলনায়তনে দিবসটির তাৎপর্য তুলে ধরে এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা বিআরডিপি কর্মকর্তা আলীর সভাপতি কে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও)সাইফুল হুদা ।এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার দাস, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স।

অনুষ্ঠানের প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার তিনি তাঁর বক্তব্যে বলেন, “বাংলাদেশের সামগ্রিক উন্নয়নের মূল চাবিকাঠি নিহিত রয়েছে পল্লী অঞ্চলের অর্থনৈতিক অগ্রগতির ওপর। মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে গ্রামীণ অর্থনীতির চিত্র বদলে গেছে।

বিআরডিবি-এর বিভিন্নমুখী কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ নারী ও পুরুষদের স্বাবলম্বী করে তোলা হচ্ছে। ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত

‘সমৃদ্ধ বাংলাদেশ’ গড়তে হলে আমাদের গ্রামীণ জনপদের প্রতিটি মানুষের জীবনযাত্রার মান উন্নত করতে হবে এবং উপজেলা প্রশাসন এ লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।”

সভায় বিশেষ অতিথি বক্তব্যে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি)উত্তম কুমার দাস আইন-শৃঙ্খলা ও সামাজিক সুরক্ষার ওপর জোর দিয়ে বলেন, “একটি অঞ্চলের অর্থনৈতিক ও পল্লী উন্নয়নের পূর্বশর্ত হলো টেকসই শান্তি ও সুশৃঙ্খল পরিবেশ। গ্রামীণ জনপদে অপরাধ, মাদক এবং সামাজিক অবক্ষয় রোধে পুলিশ প্রশাসন কঠোর অবস্থানে রয়েছে। পল্লী অঞ্চলের মানুষ যাতে নির্ভয়ে তাদের অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করতে পারেন, তার জন্য পুলিশি নিরাপত্তা ও সেবা সব সময় বজায় থাকবে। আমরা বিআরডিবি-এর উন্নয়নমূলক কর্মকাণ্ডের প্রতিটি ধাপে আইন-শৃঙ্খলা রক্ষায় পাশে আছি।”

অনুষ্ঠানে বিআরডিবি-এর স্থানীয় কর্মকর্তা, বিভিন্ন সমবায় সমিতির সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সরকারি-বেসরকারি দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বক্তারা প্রত্যেকেই পল্লী অঞ্চলের সুষম উন্নয়নে সমবায় এবং সমন্বিত উদ্যোগের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন।